

গাইড বই থেকে প্রশ্ন প্রণয়ন পাঁচ শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে নির্দেশ মন্ত্রণালয়ের

■ ইত্তেফাক রিপোর্ট

কুমিল্লা শিক্ষা বোর্ডের জেএসসি পরীক্ষা ২০১৬-এর বাংলা ১ম পত্র পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন ও পরিশোধনের দায়িত্ব পালনে অযোগ্যতা ও অবহেলার কারণে সংশ্লিষ্ট পাঁচ শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেছে শিক্ষা মন্ত্রণালয়।

অভিযুক্ত শিক্ষকরা হলেন- প্রশ্ন প্রণয়নকারী ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবদুল ওহাব এবং প্রশ্ন পরিশোধনকারী- কুমিল্লা জিলা স্কুলের সহকারী শিক্ষক রিজ্জা বড়ুয়া, কুমিল্লা ক্যাডেট কলেজের সহকারী অধ্যাপক নাদিরা ইয়াসমিন, চাঁদপুর হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক নাহিমা খানম ও নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. শামিম আজর।

দুর্গম স্থানে বদকিসহ তাদের বিরুদ্ধে অবিলম্বে বিভাগীয় কার্যক্রম গ্রহণ করা হবে বলে মন্ত্রণালয় জানিয়েছে। শিক্ষা বোর্ডের সুনির্দিষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও বাজারে প্রকাশিত গাইড বই থেকে প্রশ্ন করায় এ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।